

- 1** কিছু শিশু ঠোঁট কাটা নিয়ে জন্মায় – এটি ঠোঁটে ছিদ্র, ফাঁক, বা চেরা বা মুখের তালুতে ছিদ্র আকারে হতে পারে। (যা বাইরে থেকে দেখা যেতে পারে)



- 2** অস্ত্রোপচার করা অত্যন্ত জরুরি, কারণ এটা ছাড়া শিশু ঠিকমত কথা বলতে নাও পারে, সংক্রমণের বাড়তি ঝুঁকি থাকতে পারে, এবং খাদ্য ও দুধ গ্রহণে সমস্যা পারে।



- 3** হাসির ট্রেনের সার্জন বিনামূল্যে হাসির ট্রেনের কোন অংশীদার হাসপাতালে এই ক্রটি দূর করতে পারেন। এই ক্রটি পুরোপুরি দূর করার একমাত্র উপায় হল অস্ত্রোপচার।



- 4** অস্ত্রোপচারের জন্য যথেষ্ট সুস্থ ও শক্তিশালী হতে ঠোঁট কাটা শিশুদের পর্যাপ্ত খাওয়ানোটা গুরুত্বপূর্ণ।



- 5** কিন্তু - কখনো কখনো ঠোঁট কাটা শিশুদের খাওয়া কষ্টকর হয়, কারণ- দুধ নাক থেকে বেরিয়ে আসতে পারে অথবা এমনকি তা তাদের ফুসফুসে চলে যেতে পারে। অথবা শিশুরা বাতাসে চুষতে পারে, এবং তারা পর্যাপ্ত পুষ্টি না পেলেও তাদের পেট ভরা মনে হতে পারে ও তারা ঘুমিয়ে পড়তে পারে।



- 6** অস্লোপচারের জন্য শিশুদের ভালভাবে পুষ্ট হওয়াটা জরুরি। নিজের ও শিশুর জন্য কোনটি কাজ করে তা দেখতে বিভিন্ন খাওয়ানোর কৌশল প্রয়োগের চেষ্টার ব্যাপারে মায়েদের অবশ্যই প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে। সম্ভব হলে স্তন থেকে সরাসরি শিশুকে খাওয়ানো সবচেয়ে ভাল। কিছু কৌশল নিম্নরূপ:




সোজা হয়ে বসে শিশুকে খাওয়ান।

মুখের যেপাশে কাটা নেই, স্তনের বোঁটা সেপাশে রাখুন।

দুধের প্রবাহ বাড়াতে আলতো করে স্তনে চাপ দিন।

শিশুদের স্বাভাবিকের চেয়ে ঘন ঘন খাইয়ে ঢেকর তলন।

- 7** স্তন থেকে খাওয়ানো সম্ভব না হলে মায়ের জন্য অন্যান্য উপায়ে শিশুকে খাওয়ানো অব্যাহত রাখা জরুরি। কিছু কৌশল নিম্নরূপ.




শিশুকে খাওয়ানোর জন্য মা একটি চামচ বা বোতলে স্তন থেকে দুধ বের করতে পারেন।

দুধের প্রবাহ বাড়াতে মা খাওয়ানোর বোতলের বাঁটের ছিদ্র সামান্য বড় করতে পারে।

- 8** বুকের দুধ আদৌ পাওয়া না গেলে মা গরুর দুধ বা ফরমুলা ব্যবহার করতে পারেন। গরুর দুধ ও ফরমুলার পানি ফুটিয়ে ঠান্ডা করার ব্যাপারটি নিশ্চিত করুন।



- 9** খাওয়ানোর জন্য ব্যবহৃত যে কোনো সামগ্রী পানিতে অন্তত 10 মিনিট ফুটিয়ে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার বিষয়টি নিশ্চিত করুন। অপরিষ্কার চামচ ও বোতল থেকে জ্বর ও সংক্রমণ হতে পারে।



- 10** অনুগ্রহ করে আপনার শিশুকে নিকটতম হাসির ট্রেন কেন্দ্রে নিতে ভুলবেন না। কেন্দ্রের কোন ডাক্তার শিশুকে পরীক্ষা করে অস্লোপচারের জন্য কখন হাসপাতালে আসতে হবে আপনাকে তা জানাবেন। মনে রাখবেন, যে কোনো হাসির ট্রেন কেন্দ্রে সব রকমের চিকিৎসা সম্পূর্ণ এবং একেবারে বিনামূল্যে প্রদান করা হয়।

